

Customized course for Diplomats from the Central

Asian Countries commences at SSIFS

December 05, 2022

এসএসআইএফএস-এ মধ্য এশিয়ার দেশগুলির জন্য কূটনীতিকদের জন্য কাস্টমাইজড কোর্স

ডিসেম্বর 05, 2022

05 - 16ই ডিসেম্বর 2022 তারিখে নিউ দিল্লিতে পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের সুষমা স্বরাজ ইন্সটিটিউট অব ফরেন সার্ভিস(এসএসআইএফএস)-এ মধ্য এশিয়ার প্রজাতন্ত্রগুলির 29জন তরুন কূটনীতিকদের একটি কাস্টমাইজড কোর্স চলছে। এই বছরের জানুয়ারি মাসে প্রথম ভার্চুয়ালি অনুষ্ঠিত ভারত-মধ্য এশিয়া শীর্ষ সম্মেলনে ভারতে এই কোর্স প্রদান করার প্রস্তাব রেখেছিল। এই বিশেষ কোর্সটি 05ই ডিসেম্বর 2022 তারিখে রাষ্ট্রদূত সঞ্জীব রঞ্জন উদবোধন করেন।

প্রশিক্ষণ কার্যক্রমের মধ্যে থাকবে ভারতের বিদেশ নীতির উপরে মডিউল, মধ্য এশিয়ার সাথে ভারতের সম্পর্ক, বহুপাক্ষিক কূটনীতি এবং ডক্ট্রিও, ইউএন সংস্কার, মহাকাশ কূটনীতি, আনবিক অপ্রসারণ এবং নিরস্ত্রীকরণ, আলোচনা দক্ষতা, জল সুরক্ষা, জিওআই-এর অর্থনৈতিক উদ্যোগ এবং অর্থনৈতিক সংস্কার, ডিজিটাল ক্ষমতায়ন, ভারতে অতিমারী প্রতিক্রিয়া, কূটনীতিতে মহিলা, আইএনএসটিসি ইত্যাদি। আয়ুর্বেদ এবং যোগার উপরেও অধিবেশন রয়েছে।

নিউ দিল্লিতে তাদের শিক্ষা সফরের অঙ্গ হিসেবে কূটনীতিকরা রাষ্ট্রপতি ভবন, ভারতের নির্বাচন কমিশন, ন্যাশনাল মিউজিয়াম, মারুতি সুজুকি ইন্ডিয়া লিমিটেডের গুরেগাও অটোমোবাইল প্ল্যান্ট তারা পরিদর্শন করবেন। তারা আগ্রাতে একদিনের সফরে তাজমহল পরিদর্শন করবেন।

সাম্প্রতিককালে নভেম্বর মাসে, ভারত প্রথম ভারত-মধ্য এশিয়া শীর্ষসম্মেলনে তাদের প্রতিশ্রুতির অঙ্গ হিসেবে মধ্য এশিয়ার 80 জনের একটি যুবপ্রতিনিধিদলেরও আয়োজন করেছিল। ভারত এবং মধ্য এশিয়া দেশগুলি বহু প্রাচীন সভ্যতা, সাংস্কৃতিক এবং বাণিজ্যিক সম্পর্কে উপভোগ করে। এই বছরটি ভারত এবং মধ্য এশিয়া দেশগুলির মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 30 তম বার্ষিকী উদযাপন হিসেবে চিহ্নিত।

নিউ দিল্লি

ডিসেম্বর 05, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.